19 APR 2016

যুগান্তর

পরীক্ষার্থীর মোবাইল জব্দ করে জমা না দেয়ার অভিযোগ

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার দম্পতিকে শোকজ

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার এক দম্পতির বিরুদ্ধে পরীক্ষার্থীর কাছ থেকে মোবাইল ফোন জব্দ করে তা কর্তৃপক্ষের কাছে জমা না দেয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ওই দুই কর্মকর্তাকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে। এ ছাড়াও তাদের পরীক্ষাসংক্রান্ত সব প্রকার কাজ থেকে বিরত রাখার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেয়া হয়েছে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ে কর্মরতদের মধ্যে অসন্তোষ বিরাজ করছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক স্বাক্ষরিত পত্র থেকে জানা যায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সার্ভিসেস দফতরের সহকারী রেজিস্ট্রার মো. রেজাউল করিম ও স্নাতকপূর্ব শিক্ষাবিষয়ক স্কুল দফতরের সহকারী রেজিস্ট্রার কামরুন্নাহার ২৫ মার্চ অনুষ্ঠিত এলএলবি ১ম বর্ষ পরীক্ষার কেন্দ্র পরিদর্শন ও পর্যবেক্ষণ কাজে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ চট্টগ্রাম কেন্দ্রের দায়িত্বে ছিলেন। পরীক্ষা চলাকালীন তারা এক পরীক্ষার্থীর মোবাইল ফোন সেট জব্দ করেন। কিন্তু বিধি অনুযায়ী তারা ওই মোবাইল ফোন সেটটি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা কলেজ অধ্যক্ষের কাছে কিংবা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে জমা দেননি। এমনকি বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করেননি। এ ব্যাপারে ওই দুই সহকারী রেজিস্ট্রারের বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হলে রোববার জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক স্বাক্ষরিত পত্রের মাধ্যমে কারণ দর্শানোর নোটিশ দিয়ে ৩ কার্যদিবসের মধ্যে জবাব চাওয়া হয়েছে। এছাড়াও তাদের পরীক্ষাসংক্রান্ত সব কাজ থেকে বিরত রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক কর্মকর্তাদের নির্দেশ দেয়া হয়েছে। এ ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান বলেন, অভিযোগের পরিপ্রেক্ষিতে বিষয়টি নিয়ে অফিসিয়াল কার্যক্রম চলছে।